

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ২৮ ডিসেম্বর ২০১৬।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : পরিচালক

বিষয় : সংস্থার সকল কার্যালয়ের সকল কর্মীকে দুপুরের খাবার এবং প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক কার্যালয়, প্রশিক্ষণ কেন্দ্র এবং পিআইইউগুলোর সকল কর্মীকে সকাল ১১ টার টিফিন অফিসে গ্রহণকে বাধ্যতামূলক করা প্রসঙ্গে।

আমরা বিশ্বাস করি যে, প্রত্যেক অফিসের সকল কর্মী একটা টিমে কাজ করি এবং সকল কর্মী মিলে কোস্ট সার্বিকভাবে একটি টিমে কাজ করে। টিমে কাজ করতে হলে যে বিষয়টি সামনে আসে তা হলো **TEAM SPIRIT**. তাই এ **TEAM SPIRIT** বজায় রাখতে আমাদেরকে একই **TUNE**এ কাজ করতে হবে এবং **INDIVIDUALISM** ভাবনা থেকে সরে আসতে হবে। এ বিষয়গুলো মাথায় রেখে নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. পহেলা জানুয়ারি ২০১৭ তারিখ থেকে সংস্থার সকল কার্যালয়ের সকল কর্মীকে দুপুরের খাবার এবং প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক কার্যালয়, প্রশিক্ষণ কেন্দ্র এবং পিআইইউগুলোর সকল কর্মীকে সকাল ১১ টার টিফিন (যদি তিনি সে সময় অফিসে অবস্থান করেন) অফিসে গ্রহণকে বাধ্যতামূলক করা হলো।
২. যেদিন ব্যাংকে বেতন যাবে সেদিনই পরের মাসের খাবার এবং টিফিন (প্রযোজ্য ক্ষেত্রে) র টাকা মেস ম্যানেজারকে প্রদান করতে হবে। প্রত্যেককে সকালের টিফিন বাবদ ১৩০ টাকা এবং দুপুরের খাবার বাবদ প্রত্যেককে ১,০৭০ টাকা মোট ১,২০০ টাকা প্রদান করতে হবে। কেউ যদি রাতের খাবার গ্রহণ করেন তাহলে সেভাবে হিসেব করে রাতের খাবারের টাকাও অগ্রিম দিতে হবে। শাখা অফিসে যারা তিন বেলা খাবেন তাদেরকে ১,৫০০ টাকা এবং যারা শুধু দুপুরে খাবেন তাদেরকে ৮০০ টাকা বেতন প্রদানের দিনই অগ্রিম প্রদান করতে হবে।
৩. মাস শেষে হিসাব করে কারো বেশি খরচ হলে পরবর্তী মাসের অগ্রিম দেয়ার সময় পাওনা টাকাও দিয়ে দিতে হবে। অপরপক্ষে কেউ যদি টাকা ফেরত পান তাহলে তা পরবর্তী মাসের ১ তারিখেই ফেরৎ প্রদান করা হবে।
৪. খাবারের মান ঠিক রাখার জন্য সেবা কর্মীর উপরের পর্যায়ের একজনকে মাসিকভিত্তিতে মেস ম্যানেজারের দায়িত্ব দেয়া হবে। এ দায়িত্ব পর্যায়ক্রমে সকলকে নেয়ার জন্য মানসিকভাবে প্রস্তুত থাকতে হবে।
৫. প্রধান কার্যালয় থেকে জনাব হাসিবুল হক, প্রধান-এইচআরএম উপরোক্ত বিষয়গুলো মানা হচ্ছে কিনা তা তদারকি করবেন এবং কেউ পালন না করলে সাথে সাথেই তিনি নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবেন।
৬. অত্র সার্কুলারটি ১ জানুয়ারি ২০১৭ তারিখ থেকে কার্যকর হবে। এ সার্কুলারের সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন তাহলে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে যেকোন মাধ্যমে আগামী ১৫ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

অনুলিপি: নির্বাহী পরিচালক

সকল উপ ও সহকারি পরিচালক
অফিস ফাইল।